

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৫৩

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ একজন নারীর জন্য বৈধ হলো রক্তসম্পর্কীয় মুশরিক কোন ব্যক্তির সাথে সম্পর্ক বজায় রাখা, যখন তার ইসলাম গ্রহণের আশা থাকে

ذِكْنُ الْإِبَاحَةِ لِلْمَرْأَةِ وَصِلْ رَحِمِهَا مِنَ الْمُشْرِكِينَ إِذَا طُمِعَ فِي إِسْلَامِهَا

আরবী

أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدِ بْنِ أَبِي مَعْشَرٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ وَهْبِ بْنِ أَبِي كَرِيمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ عَنْ أَبِي عَبْدِ الرَّحِيمِ عَنْ زَيْدِ بْنِ أَبِي أُنَيْسَةَ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِي عَبْدِ الرَّحِيمِ عَنْ زَيْدِ بْنِ أَبِي أُنَيْسَةَ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ قَالَ: سَمِعْتُ أَسْمَاءَ بِنْتَ أَبِي بَكْرٍ تَقُولُ: قَدِمَتْ أُمِّي مِنْ مَكَّةَ إِلَى الْمَدِينَةِ فِي عَنْ أَبِيهِ قَالَ: سَمِعْتُ أَسْمَاءَ بِنْتَ أَبِي بَكْرٍ تَقُولُ: قَدِمَتْ أُمِّي مِنْ مَكَّةَ إِلَى الْمَدِينَةِ فِي هَنْ أَبِيهُ قَالَ: سَمِعْتُ أَسْمَاءَ بِنْتَ أَبِي اللَّهِ إِنَّ أُمِّي أَتَتْ رَاغِبَةً أَفَأَصِلُهَا؟ فقَالَ لَهَا نَبِيُّ اللَّهِ إِنَّ أُمِّي أَتَتْ رَاغِبَةً أَفَأَصِلُهَا؟ فقَالَ لَهَا نَبِيُّ اللَّهِ إِنَّ أُمِّي أَتَتْ رَاغِبَةً أَفَأَصِلُهَا؟ فقَالَ لَهَا نَبِيُّ اللَّهِ عِنْ أَبِي أَلْتَهُ صَلِيها.)

الراوي: عُرْوَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 453 ا خلاصة حكم المحدث: صحيح ـ

বাংলা

৪৫৩. উরওয়া বিন যুবাইর রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি আসমা বিনতু আবী বকর রাদ্বিয়াল্লাহু আনহুমার কাছে শুনেছি, তিনি বলেছেন কুরাইশদের সাথে সন্ধির সময়ে আমার মা মুশরিকা অবস্থায় মক্কা থেকে মদীনায় আসেন। ফলে আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বললাম: "হে আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমার মা আশাবাদী হয়ে আমার কাছে এসেছেন, আমি কি তার সাথে সদাচারণ করবো?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "হ্যাঁ, তার সাথে সদাচারণ করো।"[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ১৬৪৩; মুসনাদ আহমাদ: ৬/৩৪৭; সহীহ মুসলিম: ১০০৩; আবু দাউদ: ১৬৬৮।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৪৬৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উরওয়াহ বিন যুবাইর (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন